

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ পালনের পবিত্র স্থানসমূহের পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পবিত্র কাবা

১৪১৭ হিজরীতে বাদশা ফাহাদ ইবনে আব্দুল আজীজ সংস্কার করেন পবিত্র কাবা ঘর। ৩৭৫ বছর পূর্বে অর্থাৎ ১০৪০ হিজরীতে সুলতান মারদান আল উসমানির সংস্কারের পর এটাই হল ব্যাপক সংস্কার। বাদশা ফাহাদের সংস্কারের পূর্বে পবিত্র কাবাকে আরও ১১ বার নির্মাণ পুনর্নিমাণ সংস্কার করা হয়েছে বলে কারও কারও দাবি। নীচে নির্মাতা, পুন:নির্মাতা, ও সংস্কারকের নাম উল্লেখ করা হল-

১. ফেরেশতা। ২. আদম।. ৩. শীশ ইবনে আদম। ৪.ইব্রাহীম ও ইসমাইল (আঃ) ৫. আমালেকা সম্প্রদায়। ৬. জুরহুম গোত্র। ৭.কুসাই ইবনে কিলাব। ৮ .কুরাইশ। ৯.আব্দুল্লাহ ইবনে যুবায়ের (রাঃ) [৬৫ হি.] ১০. হাজ্জাজ ইবনে ইউসুফ [৭৪ হি.] ১১. সুলতান মারদান আল-উসমানী [১০৪০ হি.] বাদশা ফাহাদ ইবনে আব্দুল আজীজ [১৪১৭ হি.][1]

পবিত্র কাবার উচ্চতা ও দৈর্ঘ্য-প্রস্থ

| উচ্চতা | | হাতিমের দিকে দৈর্ঘ্য | রুকনে য়ামাান ও হাতিমের মাঝখানকার দৈর্ঘ্য | হাজরে আসওয়াদ ও রুকনে য়ামানির মাঝখানকার দৈর্ঘ্য |
|----------|-------------|-------------------------|--|--|
| ১৪ মিটার | ১২.৮৪ মিটার | ১১.২৮ মিটার | ১২.১১ মিটার | ১১.৫২ মিটার |

ফুটনোট

[1] -ড. মুহাম্মদ ইলয়াস আব্দুল গনী : তারিখু মাক্কাল মুকাররামা, পূ : ৩৪ , মাতাবিউর রাশীদ, মদিনা মুনাওয়ারা

Source — https://www.hadithbd.com/books/link/?id=3445

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন